

# যুগ্মান্তর

কৃষি গবেষণায় যৌথভাবে কাজ করার ঘোষণা

## শেক্রবি ও চীনা একাডেমির সমরোতা স্মারক

প্রকাশ : ২০ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 শেক্রবি প্রতিনিধি

চাইনিজ একাডেমি অব অ্যাগ্রিকালচারাল সায়েন্সেসের সঙ্গে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেক্রবি) উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে একটি দ্বিপাক্ষিক সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকরা চাইনিজ একাডেমি অব অ্যাগ্রিকালচারাল সায়েন্সেস উচ্চশিক্ষার জন্য ক্ষেত্রে মাধ্যমে ভর্তির সুযোগ পাবে।

রোবোট সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভিসি কনফারেন্স রুমে এ চুক্তি স্বাক্ষরিত হয়। চাইনিজ একাডেমি অব অ্যাগ্রিকালচারাল সায়েন্সেসের পক্ষ থেকে ভাইস প্রেসিডেন্ট প্রফেসর ওয়েন জিয়ানমিন এবং শেক্রবির পক্ষে ভিসি অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগসহ দুই প্রতিষ্ঠানের বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, বিভাগের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ভিসি প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, এ সমরোতা চুক্তির মাধ্যমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও চাইনিজ একাডেমি অব অ্যাগ্রিকালচারাল সায়েন্সেসের মধ্যে উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হবে। আর তা কৃষিতে এ প্রতিষ্ঠানের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের উচ্চতর শিক্ষা গ্রহণ ও জ্ঞান-বিজ্ঞান চর্চায় উৎসাহিত করবে।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।